মেধা-তথ্য-সংগতি বৃত্তি প্রকল্প,২০১১-২০১২

এই রাজ্যের দরিদ্র এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষায় সাহায্যার্থে ''পশ্চিমবঙ্গ সরকারী মেধা-তথ্য-সংগতি বৃত্তি প্রকল্প''-এর আওতায় ২০১১-২০১২ শিক্ষাবর্ষের বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। মাধ্যমিকোত্তর নিয়মিত কোর্সের শিক্ষার্থীরা যাঁরা পশ্চিমবঙ্গের অধিবাসী এবং এই রাজ্যের মধ্যশিক্ষা পর্ষৎ, উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ, মাদ্রাসা শিক্ষা পর্ষৎ কিংবা রাজ্য-বিশ্ববিদ্যালয়গুলির পরিচালিত কোন পরীক্ষায় পাশ করে এই রাজ্যেরই কোন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করছেন এবং যাঁদের পারিবারিক বার্ষিক মোট আয় ৮০,০০০ টাকা বা তার কম, তাঁরা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ হয়:

১। উচ্চমাধ্যমিক স্তরের বৃত্তির জন্য (প্রতি মাসে ৫০০ টাকা):
মাধ্যমিক বা উপরোল্লিখিত সমপর্যায়ের পরীক্ষায় মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর থাকতে হবে। (ঐচ্ছিক বিষয় থাকলে তার নম্বর বাদ দিয়ে)। যাঁরা ২০১১-এ মাধ্যমিক বা সমপর্যায়ের পরীক্ষায় পাশ করে একাদশ শ্রেনীতে ভর্তি হয়েছেন তাঁরাই কেবল দরখাস্ত করতে পারবেন।

২। স্নাতক স্তরের বৃত্তির জন্য (প্রতি মাসে ৭৫০ টাকা থেকে ১৫০০ টাকা অবধি):
উচ্চমাধ্যমিক বা উপরোল্লিখিত সমপর্যায়ের পরীক্ষায় দুটি ভাষার বিষয় এবং তিনটি ইলেকটিভ বিষয় মিলিয়ে মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর প্রার্থীকে পেতে হবে। যাঁরা ২০১১-এ উচ্চমাধ্যমিক বা সমপর্যায়ের পরীক্ষায় পাশ করে স্নাতক শিক্ষাক্রমের প্রথম বছরে ভর্তি হয়েছেন তাঁরাই কেবল দরখাস্ত করতে পারবেন।

৩। ডিপ্লোমা (পলিটেকনিক) স্তরের বৃত্তির জন্য (প্রতি মাসে ৭৫০ টাকা):
২০১১-এ মাধ্যমিক বা সমপর্যায়ের পরীক্ষায় পাশ করে ডিপ্লোমা (পলিটেকনিক) শিক্ষাক্রমের প্রথম বছরে [ফার্মাসি (Pharmacy) অথবা এম.ও.পি.এম (M.O.P.M.)-এর ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমপর্যায়ের পরীক্ষায় পাশ করেছেন যাঁরা] এবং ডব্লিউ.বি.এস.সি.ভি.ই.টি. ('W.B.S.C.V.E.T.')-এর (ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি বিভাগে) উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করে ডিপ্লোমা (পলিটেকনিক) শিক্ষাক্রমের দ্বিতীয় বছরে ভর্তি হয়েছেন, তাঁরাই কেবল দরখাস্ত করতে পারবেন। ঐচ্ছিক বিষয় থাকলে তার নম্বর বাদ দিয়ে উপরোল্লিখিত পরীক্ষায় ন্যূনতম ৭৫ শতাংশ নম্বর এই বৃত্তি প্রকল্পের আওতায় আসার যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

৪। স্নাতকোত্তর স্তরের বৃত্তির জন্য (প্রতি মাসে ১২০০ টাকা থেকে ১৪০০ টাকা অবধি):
স্নাতক স্তরে অনার্স বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। যাঁরা ২০১১-এ অনার্সে পাস করে স্নাতকোত্তর শ্রেনীর প্রথম বছরে ভর্তি হয়েছেন তাঁরাই কেবল দরখাস্ত করার যোগ্য বলে বিবেচিত হবেন।
কারা কোথায় আবেদনপত্র জমা দেবেন:

ক) একাদশ শ্রেণীর শিক্ষার্থীরা : Directorate of School Education (West Bengal), (Training and Examination Cell), Bikash Bhavan, 7th Floor, Salt Lake, Kolkata - 700 091.

খ) কলা, বাণিজ্য, বিজ্ঞান এবং ইঞ্জিনীয়ারিং ও মেডিকেল ব্যতীত ইউ.জি.সি (UGC) অনুমোদিত অন্যান্য পেশাগত বিষয়ের স্নাতক ও স্নাতকোত্তর উভয় স্তরের প্রথম বর্ষের শিক্ষার্থীরা : Directorate of Public Instruction (West Bengal), (Scholarship and Stipend Section), Bikash Bhavan, 9th Floor, North Wing, Salt Lake, Kolkata - 700 091.

গ) মাধ্যমিক পরীক্ষা/উচ্চমাধ্যমিক অথবা সমপর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ পলিটেকনিক ডিপ্লোমা কোর্সের প্রথম বর্ষের অথবা দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা : Directorate of Technical Education and Training (West Bengal), Bikash Bhavan, 10th Floor, East Wing (North), Salt Lake, Kolkata - 700 091.

ঘ) ইঞ্জিনীয়ারিং ও টেকনোলজি এবং এ.আই.সি.টি.ই (AICTE) অনুমোদিত অন্যান্য পেশাগত ইঞ্জিনীয়ারিং ও টেকনোলজি বিষয়ের স্নাতক ও স্নাতকোত্তর উভয় স্তরের প্রথম বর্ষের শিক্ষার্থীরা : Directorate of Technical Education (West Bengal), Bikash Bhavan, 10th Floor, East Wing (South), Salt Lake, Kolkata - 700 091.

ঙ) ডাক্তারীর (এম.বি.বি.এস., বি.ডি.এস., বি.এইচ.এম.এস, বি.এ.এম.এস.) এবং নার্সিং বিষয়ক স্নাতক স্তরের প্রথম বর্ষের শিক্ষার্থীরা : Directorate of Medical Education (West Bengal), Swasthya Bhavan, Sector-V, Salt Lake, Kolkata - 700 091.

আবেদনপত্রের খসড়া বয়ান নিম্নবর্ণিত সরকারী ওয়েবসাইটগুলিতে পাওয়া যাবে :-

1) www.wbgov.com
2) www.banglarmukh.com
3) www.tathyabangla.org.in
4) www.higherednwb.net

''পশ্চিমবঙ্গ সরকারী মেধা-তথ্য-সংগতি বৃত্তি প্রকল্প'' সম্পর্কে আরো বেশী তথ্য পাওয়া যাবে উপরি উক্ত সরকারী দপ্তরগুলো থেকে। উল্লিখিত বৃত্তির জন্য সাদা কাগজে হাতে লিখে বা টাইপ করে নির্দিষ্ট প্রো-ফর্মায় (Proforma) প্রয়োজনীয় সংযোজনী (শংসাপত্র, আয় সম্পর্কিত হলফনামা ইত্যাদি) সহ দরখাস্ত খামে ভরে জমা দিতে হবে। খামের উপর পরিষ্কারভাবে "Application for

W.B. Government Merit-cum-Means Scholarship Scheme for pursuing* .... Course of Studies"-লেখা থাকতে হবে। *(যে কোর্সে বর্তমান ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছেন তার নাম উল্লেখ করেতে হবে)। সঠিকভাবে লেখা প্রয়োজনীয় শংসাপত্র ইত্যাদিসহ সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট মাপের ছবিযুক্ত আবেদনপত্র বিজ্ঞাপন দেওয়া নির্দিষ্ট দপ্তরে অবশ্যই **৩০শে নভেম্বর ২০১১-এর মধ্যে পৌছাতে/জমা করতে হবে**। সবদিক দিয়ে সঠিক এবং সম্পূর্ণ দরখাস্তই কেবলমাত্র বিবেচনা করা হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখের মধ্যে প্রাপ্ত দরখাস্তগুলি, যেগুলি কেবলমাত্র সবদিক দিয়ে সঠিক এবং সম্পূর্ণ বলে বিবেচিত হবে, সেগুলির মধ্য থেকে স্তর অনুযায়ী নির্দিষ্ট প্রাপকের সংখ্যা মেধা তথা সংগতির নিরিখে বাছাই করা হবে। জমা দেওয়ার শেষ তারিখের পরে জমা পড়া আবেদনপত্রগুলি কোনো কারণ না দেখিয়ে বাতিল বলে বিবেচিত হবে।

বি: দ্র:-

ক) এই বৃত্তির জন্য বিবেচিত হলে সংশ্লিষ্ট প্রার্থী একই পাঠক্রমের জন্য অন্য কোন সরকারী (কেন্দ্রীয়/রাজ্য) বৃত্তি বা নিয়মিত অনুদান উপভোগ করতে পারবেন না। অবশ্য এককালীন অনুদান বা অর্থসাহায্য বা নিজ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত পূর্ণ বা আংশিক টিউশন ফি মুকুব উপভোগ করতে পারবেন। যদি বিষয়টি গোপন করেন অথবা পরবর্তীকালে কর্তৃপক্ষের গোচরে আসে, তাহলে উক্ত বৃত্তি বাতিল বলে বিবেচিত হবে এবং অর্থ গ্রহণ করলে অবশ্যই ফেরত দিতে হবে।

খ) বৃত্তি পুনর্নবীকরণের জন্য পরবর্তী ক্লাসে প্রথম প্রচেষ্টায় উন্নীত হওয়ার সাপেক্ষে ভর্তি হওয়ার এক মাসের মধ্যে নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের কাছ থেকে অবশ্যই Continuity Certificate নিয়ে নির্দিষ্ট বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে।

আবেদনপত্রের বয়ান

পশ্চিমবঙ্গ সরকারী মেধা-তথ্য-সংগতি বৃত্তি প্রকল্পের জন্যে আবেদন

প্রতি:
ডাইরেক্টর, পাবলিক ইনস্ট্রাকশন, প: ব:/ডাইরেক্টর, স্কুল এডুকেশন, প: ব:/
ডাইরেক্টর, মেডিক্যাল এডুকেশন, প: ব:/ ডাইরেক্টর, টেকনিক্যাল এডুকেশন, প: ব:/
ডাইরেক্টর, টেকনিক্যাল এডুকেশন এন্ড ট্রেনিং, প: ব:।

আবেদনকারীর স্বাক্ষর-সম্বলিত পাশপোর্ট-মাপের সাম্প্রতিক ছবি লাগাতে হবে

১.১ আবেদনকারীর নাম : ________________

ক) বাংলায় : ________________

খ) ইংরাজীতে (বড় হাতের অক্ষরে) : ________________

১.২ আবেদনকারীর জাতি (সাধারণ/তপশিলী জাতি/তপশিলী উপজাতি/আন্যান্য অনগ্রসর সম্প্রদায়) : ________________

১.৩ (ক) ভাষাগত/ধর্মীয় সংখ্যালঘু কি না : ________________

(খ) হলে কোনটি উল্লখ করুন : ________________

২. যোগ্যতা নির্ধায়ক বোর্ড/ কাউন্সিল / বিশ্ববিদ্যালয় পরিচালিত যে পরীক্ষায় পাশ করে এই আবেদন করেছেন সেই পরীক্ষার নাম ও বছর। : ________________

৩. ঐ পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর, মোট প্রদেয় নম্বর কত ছিল ? প্রাপ্ত মোট নম্বরের শতকরা হিসাব উল্লেখ করুন - (মার্কশীটের প্রত্যয়িত জেরক্স জুড়ে দিতে হবে) : ________________

৪. এখন যে কোর্সে ভর্তি হয়েছেন তার নাম, কোর্সটি কত বছরের? ঠিক কোন তারিখে এই কোর্সে ভর্তি হয়েছেন। : ________________

৫. এখন যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন, তার সম্পূর্ন নাম, ঠিকানা, পিন কোড, ফোন এবং ফ্যাক্স নম্বর (যদি থাকে) লিখুন। : ________________

৬. আবেদনকারী পুরুষ, না মহিলা : ________________

৭. আবেদনকারী পশ্চিমবঙ্গের অধিবাসী কি না (হাঁ/না) (প্রমানপত্রের প্রত্যয়িত অনুলিপি সঙ্গে জমা দিতে হবে) : ________________

৮. আবেদনকারীর পিতা/স্বামী'র নাম : ________________

৯. আবেদনকারী'র বাড়ীর সম্পূর্ণ ঠিকানা এবং যোগাযোগের উপযুক্ত ফোন/মোবাইল নম্বর (যদি থাকে) : ________________

১০. আবেদনকারী'র পিতার/স্বামীর পেশা : ________________

১১. আবেদনকারী'র মাতার নাম ও পেশা : ________________

১২. আবেদনকারী'র অভিবাবকের নাম ও পেশা (যদি পিতা না বেঁচে থাকেন) : ________________

১৩. আবেদনকারীর পরিবারের মোট বার্ষিক আয় কত (সব উৎস থেকে) (১লা এপ্রিল, ২০১০ থেকে ৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত) : ________________

(বেতনভুক পিতামাতা/অভিভাবকদের ক্ষেত্রে চাকুরিদাতা সংস্থা/ব্যক্তির কাছ থেকে বেতন-জনিত মূলশংসাপত্র নিয়ে জমা দিতে হবে এই আবেদনপত্রের সঙ্গে। যাঁরা বেতনভুক নন, এমন পিতামাতা/অভিভাবকদের ক্ষেত্রে জয়েন্ট বি.ডি.ও./মিউনিসিপ্যালিটির নির্বাহী আধিকারিক/কর্পোরেশনের ডেপুটি কমিশনার কিংবা তার চেয়েও উঁচু পদমর্যাদার কোনো প্রশাসনিক আধিকারিক-প্রদত্ত আয়-সম্পর্কিত মূল শংসাপত্র (নমুনা বয়ানে) এবং আয়-সম্পর্কিত সব পিতা-মাতা/অভিভাবক কর্তৃক মূল হলফনামা (নমুনা বয়ানে) অবশ্যই জমা দিতে হবে। উক্ত হলফনামাটিতে ১০ টাকা বা ১০ টাকার বেশী মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী পাবলিক বা প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেটের নিকট শপথ গ্রহণ করতে হবে। নমুনা বয়ানগুলি সরকারি ওয়েবসাইটে পাওয়া যাবে)।

১৪. (ক) আবেদনকারী কি বর্তমান কোর্সের জন্যে অন্য কোনো সরকারী (কেন্দ্রীয়/রাজ্য) বৃত্তি বা নিয়মিত অনুদান পাচ্ছেন - হ্যাঁ কিংবা না। (যদি 'হ্যাঁ' হয়, তাহলে সেটির সম্বন্ধে বিশদভাবে লিখুন) : ______________________________

১৪. (খ) আবেদনকারী কি বর্তমান কোর্সের জন্য কোন সরকারী (কেন্দ্রীয়/রাজ্য) বৃত্তি বা নিয়মিত অনুদান পাওয়ার জন্য নির্বাচিত হয়েছেন বা পাচ্ছেন -হ্যাঁ কিংবা না। (যদি 'হ্যাঁ' হয়, সেটির সম্বন্ধে বিশদভাবে লিখুন) : ______________________________

১৫. আবেদনকারীর কোর ব্যাঙ্কিং সুবিধাযুক্ত এস.বি.আই. ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকলে অ্যাকাউন্ট নং, ব্রাঞ্চের নাম, আই.এফ.এস. কোড নং উল্লেখ করুন। : ______________________________

এতদ্বারা আমরা ঘোষণা করছি যে উপরে বর্ণিত তথ্যদির কোনো কিছুই অসত্য কিংবা মিথ্যা বানানো নয়; আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে উপরিউক্ত তথ্যগুলি সর্বাংশে সত্যি -

(ক) আবেদনকারীর স্বাক্ষর (তারিখ-সহ) : ______________________________

(খ) আবেদনকারীর অভিভাবক/পিতা/স্বামীর স্বাক্ষর (তারিখ-সহ) : ______________________________

(গ) আবেদনকারীর মাতার স্বাক্ষর (তারিখ-সহ) : ______________________________

(ঘ) আবেদনকারীর বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর : ______________________________
(তারিখ ও শীলমোহর-সহ)

বিশেষ দ্রষ্টব্য : আয় সম্পর্কিত শংসাপত্র এবং আয় সম্পর্কিত স্বকীয় হলফনামার নমুনা কপি নিম্নলিখিত ওয়েবসাইট গুলি থেকে পাওয়া যাবে।

1) www.wbgov.com
2) www.banglarmukh.com
3) www.tathyabangla.org.in
4) www.higherednwb.net

****